## স্নাতক (সাম্মানিক) পরীক্ষা ২০১৭

### সাম্মানিক বাংলা

### সেমেস্টার : ৪ : কোর্স : ২ (H-8)

### ভাষাতত্ত্ব

**সময় : ৩ ঘণ্টা** **পূর্ণমান : ৪০**

**প্রশ্নের মান দক্ষিণ প্রান্তে উল্লিখিত**

**১০ সংখ্যক প্রশ্নের উত্তর আবশ্যিক এবং প্রতিটি একক থেকে একটি করে প্রশ্নের উত্তর দাও**

**একক - ১**

১। প্রাচীন ভারতীয় আর্যভাষা (OIA) থেকে বাংলা ভাষার উদ্ভবের ইতিহাস রেখা-চিত্রের সাহায্যে আলোচনা করো। ১০

২। সময়কাল ও নিদর্শন উল্লেখ করে প্রাচীন বাংলা ভাষার ভাষাতাত্ত্বিক বৈশিষ্ট্য আলোচনা করো। ১+১+৮=১০

৩। ধ্বনির আগমজনিত পরিবর্তন সম্বন্ধে আলোচনা করো। ১+১+৮=১০

**একক - ২**

৪। উচ্চারণের প্রকৃতি অনুযায়ী বাংলা ব্যঞ্জনধ্বনির শ্রেণিবিভাগ করো। ১০

৫। 'ন্যূনতম শব্দজোড়' (Minimal Pair) কী ? স্বনিম বা ধ্বনিমূল (Phoneme) নির্ধারণের ক্ষেত্রে ঊনবিভেদন (Under- differentiation) ও অতিবিভেদন (Over -differentiation) বলতে কী বোঝায় উদাহরণসহ লেখো। বাংলা বিস্বন বা পূরকধ্বনির (Allophone) পূরকবিন্যাসগত শর্তগুলি আলোচনা করো। ২+৪+৪=১০

৬। রাঢ়ি উপভাষার ভাষাতাত্ত্বিক বৈশিষ্ট্যগুলি সম্পর্কে আলোচনা করো। ১০

**একক - ৩**

৭। শব্দার্থের পরিবর্তন কেন হয় সে-বিষয়ে দৃষ্টান্তসহ আলোচনা করো। ১০

৮। লক্ষ্য ও উদ্দেশ্য অনুসারে অভিধানকে মোটামুটিভাবে যে-চারটি শ্রেণিতে বিভক্ত করা হয়, সেগুলির নাম উল্লেখ করো এবং তাদের পরিচয় দাও। ২+৮=১০

৯। বাংলা শব্দভাণ্ডারকে কয়টি শ্রেণিতে ভাগ করা হয় এবং কী কী ? যে-কোনো একটি শ্রেণি সম্পর্কে আলোচনা করো। ১+১+৮=১০

১০। (ক) যে-কোনো **দুটি** বিষয়ে উদাহরণসহ আলোচনা করো : ২×২·৫=৫

(অ) সতম (আ) স্বতোনাসিক্যীভবন (ই) সম্মুখ স্বরধ্বনি (Front vowel) (ঈ) তদ্ভব শব্দ

(খ) রোমীয় লিপিতে রূপান্তর করো : ৫

'আমি ব্রাহ্মণ, কেবলমাত্র যুদ্ধের উৎসাহে আনন্দ পাই নে। আসল কথাটা কী তাই জানতে পারলেই চুপ করে যাই। আমি তো বলি, সাহিত্যের উদ্দেশ্য সমগ্র মানুষকে গঠিত করে তোলা। তুমি কী বল ?'

(সাহিত্য : মানবপ্রকাশ : রবীন্দ্রনাথ ঠাকুর)

অথবা

আন্তর্জাতিক ধ্বনিলিপিতে (IPA) রূপান্তর করো : ৫

'আর বল কী। চলতে রাজি না হলে আমাদের চলবে কী করে। ঐ দেখো-না, রথের দড়িটা পড়ে আছে, কত যুগের দড়ি— কত মানুষের হাত পড়েছে ঐ দড়িতে, এমন করে তো কোনোদিন ধুলোয় পড়ে থাকে নি।'

রথযাত্রা : রবীন্দ্রনাথ ঠাকুর